গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি

(Governance Performance Monitoring System-GPMS)

কর্মপরিকল্পনা ২০২৬-২৭

# GPMS

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

বালিয়াকান্দি, রাজবাড়ী।

# ভূমিকা

সরকারের সংস্কার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অফিসসমূহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির মানোন্নয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধির উদ্দেশ্যে ২০২৫-২৬ অর্থবছরে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS)' কাঠামো প্রবর্তন করা হয়। এটি একটি নিয়মিত, কাঠামোবদ্ধ ও তথ্যপ্রযুক্তিনির্ভর পরিবীক্ষণ ব্যবস্থা, যা প্রাতিষ্ঠানিক পরিকল্পনার সঙ্গে বাস্তবায়নের সংযোগ স্থাপন করে এবং লক্ষ্যভিত্তিক ফলাফল অর্জনের উপর গুরুত্ব প্রদান করে। একটি সরকারি অফিস তার কার্যতালিকা (Allocation of Business), সরকারের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলকে বিবেচনায় নিয়ে একটি সুনির্দিষ্ট কাঠামো অনুযায়ী GPMS প্রস্তুত করে ঊর্ধ্বতন অফিসে দাখিল করে। ২০২৫-২৬ অর্থবছরে উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্ত অনুসারে প্রস্তুতকৃত নির্দেশিকা অনুযায়ী ৫৩টি মন্ত্রণালয়/বিভাগ GPMS প্রস্তুত করে। ২০২৬-২৭ অর্থবছর থেকে মন্ত্রণালয়/বিভাগের পাশাপাশি দপ্তর/সংস্থা এবং মাঠপর্যায়ের অফিসসমূহ GPMS বাস্তবায়ন করবে। এমতাবস্থায় কৃষি মন্ত্রণালয়াধীন দপ্তর/ সংস্থার এবং মাঠ অফিসসমূহ যেমন- অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপপরিচালকের কার্যালয়, হর্টিকালচার সেন্টার ও উপজেলা কৃষি অফিসারের কার্যালয় জিপিএমএস বাস্তবায়ন করবে।

GPMS এর আওতায় প্রত্যেক অফিস একটি বাস্তবসম্মত ও লক্ষ্যভিত্তিক ৩ (তিন) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনা প্রণয়ন করবে যেখানে প্রত্যেক অর্থবছরের লক্ষ্যমাত্রা উল্লেখ থাকবে। ধারাবাহিকতা রক্ষার লক্ষ্যে অর্থবছরের শুরুতে আরও একটি অর্থবছরের পরিকল্পনা যুক্ত করতে হবে। এই ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা অনুসারে মধ্যে বিবেচ্য অর্থবছরের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে একটি কর্মসম্পাদন পরিকল্পনা করবে এবং বছরব্যাপী সংশ্লিষ্ট ঊর্ধ্বতন অফিস তা পরিবীক্ষণ করবে। অর্থবছর শেষে সংশ্লিষ্ট অফিস GPMS এর অংশ হিসাবে একটি কৌশলগত প্রতিবেদন দাখিল করবে। ঊর্ধ্বতন অফিস কর্তৃক ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা ও কৌশলগত প্রতিবেদন মূল্যায়ন করা হবে। এই কাঠামোতে মন্ত্রণালয়/বিভাগসমূহকে তাদের কার্যক্রম ও পারফরম্যান্সের ধরন অনুসারে ৭ (সাত) টি গুচ্ছ/ক্লাস্টারে বিভক্ত করে মূল্যায়নের উদ্যোগ নেয়া হয়েছে।

GPMS এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ অর্থবছর শুরুর পূর্বেই 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS)-প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা' প্রকাশ করে থাকে। আগামী ২০২৬-২৭ অর্থবছরে সরকারের নীতি পরিকল্পনা ও অগ্রাধিকার এবং ৩ (তিন) অর্থবছরের বরাদ্দকৃত/প্রস্তাবিত বাজেট অনুযায়ী নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের GPMS-এ ৩ (তিন) বছরের পরিকল্পনা, ২০২৬-২৭ অর্থবছরের কার্যক্রম ও অর্থবছর শেষে প্রতিবেদন দাখিলের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা সংযুক্ত করে এবারের নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। নির্দেশিকাটি ২০২৬-২৭ অর্থবছরের GPMS-এর আওতাভুক্ত অফিসসমূহের GPMS প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য প্রযোজ্য হবে।

তৃতীয় অংশ

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বালিয়াকান্দি, রাজবাড়ী (মাঠ পর্যায়ের উপজেলা অফিস) এর GPMS কর্মপরিকল্পনা ২০২৬-২৭

## সুচিপত্র


| ক্রমিক | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৪ |
| ০২ | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ও অধিনস্ত দপ্তরের সমন্বয়ে গঠিত জিপিএমএস টিম। | ০৫ |
| ০৩ | GPMS-এর মূল কাঠামো সেকশন -১ | ৬-৭ |
| ০৪ | সেকশন-২ | ৮ |
| ০৫ | সেকশন-৩ সংযোজনী-১ ও ২ | ৯ |
| ০৬ | সংযোজনী -৩ | ১০ |
| ০৭ | সংযোজনী -৪ | ১১ |

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দপ্তরের মূল কার্যক্রম হ্রাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠির খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে কৃষকের নিকট চাহিদা অনুযায়ী প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে রাজবাড়ী জেলায় চাল, গম, ভূট্টা ও আলুসহ শাক-সবজীর উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। সেই সাথে পাট উৎপাদন করে অর্থনীতিতে বাংলাদেশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বিগত তিন বছরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বালিয়াকান্দি, রাজবাড়ী প্রধান প্রধান ফসলগুলোর মধ্যে চালের উৎপাদন হয়েছে ১,৪৯,২৮১ লক্ষ মেঃটন, গমের উৎপাদন হয়েছে ৩৯২৬৮ মেঃটন, পেঁয়াজ উৎপাদন হয়েছে লক্ষ ৪,৮৭,৪৩১ লক্ষ মে:টন। খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্নতা অর্জনের লক্ষ্যে কৃষক প্রশিক্ষণ, মাঠ দিবস, কৃষি মেলা, কৃষকদের উদ্বুদ্ধকরণ ভ্রমণের মাধ্যমে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত-সহিষ্ণু জাত, পানি সাশ্রয়ী প্রযুক্তি, সুষম মাত্রায় সার ব্যবহার, আলোর ফাঁদ, পার্চিং, অত্যাধুনিক কৃষি যন্ত্রপাতি, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজ সার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে। ভবিষ্যতেও এ উৎপাদনশীলতা বৃদ্ধি কার্যক্রমের ধারাবাহিকতা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ীত অব্যাহত থাকবে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশে প্রতি বছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পূরনার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তনে ঝুঁকি মোকাবেলা ও দুর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচকার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুসম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, খামার যান্ত্রীকিকরণ, দ্রুত ও সহজে প্রযুক্তি সম্প্রসারণে ই-কৃষি প্রবর্তন, গবেষনা-সম্প্রসারণ, কৃষক সমন্বয় সাধন শক্তিশালীকরণ, কৃষিতে নারীর সম্পৃক্ততা এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ু পরিবর্তনের কারণে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রপ্তানিযোগ্য ফল, সবজী চাষ এলাকা সম্প্রসারণ, বসতবাড়ির আঙিনার কার্যকর ব্যবহার, শস্য বিন্যাসে ডাল, তেল, মসলা ও শাকসবজী ফলজাতীয় ফসল অন্তর্ভুক্ত করে ফসলের বহুমুখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, সম্প্রসারণ কর্মীর প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন এবং খামার যান্ত্রীকিকরণ, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

**২০২৬-২৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২৫-২৬ অর্থবছরে শুধুমাত্র চালের মোট উৎপাদন ০.৪৬ লক্ষ মেঃটন এবং চাল, গম ও ভূট্টার মোট উৎপাদন ০.৫৯ লক্ষ মেঃটন। এর পরিমান আরও বৃদ্ধি করার কার্যক্রম চলমান থাকবে।
- আধুনিক প্রযুক্তি বিষয়ক বরাদ্দকৃত শতভাগ কৃষককে প্রশিক্ষণ প্রদান।
- অঞ্চলে কর্মরত অনেক সম্প্রসারণ কর্মীকে কারিগরি বিষয় ও দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ব্যাপক প্রদর্শণী স্থাপন এবং তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধিতে প্রদর্শনী স্থাপনের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষির সম্প্রসারণ ও বাস্তবায়ন।
- নিরাপদ শাকসবজি ও ফল উৎপাদন, ডাল, তেল, ও মসলা জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি ও সম্প্রসারণ।
- অর্থকারী ফসল পাটের আবাদ ও উৎপাদন বৃদ্ধি।

২৫.০৬.২৬ ২৮.০৬.২০২৬

**২. উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের সমন্বয়ে গঠিত অত্র উপজেলার জিপিএমএস টিম।**

| ক্র. নং | কর্মকর্তার নাম | অফিস পদবী | কর্মস্থল | কমিটিতে পদবী | মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ১ | রতন কুমার ঘোষ | উপজেলা কৃষি অফিসার | বালিয়াকান্দি | টিম লিডার | ০১৭১৬৫৪২৬৩৮ |
| ৭ | মো: সাখাওয়াত হোসেন গালিব | কৃষি সম্প্রসারণ অফিসার | বালিয়াকান্দি | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | ০১৫১৫৬৭০৯৭৭ |
| ৮ | ফজলে রাব্বি | উপসহকারী কৃষি অফিসার | বালিয়াকান্দি | বিকল্প ফোকাল পয়েন্ট | ০১৭০৩৫৫৬৩৭০ |

- GPMS-এর ৩ (তিন) বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থবছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছরশেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল;
- প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ,
- বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষান্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে দাখিল,
- GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;
- GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন অফিস প্রধানের অনুমোদন গ্রহন করে উর্ধ্বতন অফিসে প্রেরণ, এবং
- আওতাধীন অফিসসমূহের GPMS-এর কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।

**২.১ মাঠ পর্যায়ের অফিসসমূহে GPMS পরামর্শক পুল গঠন:**

যদিও পরামর্শক পুল এর সদস্যগণ মাঠ পর্যায়ের অফিসসমূহের চাহিদার প্রেক্ষিতে নিম্নলিখিত বিষয়ে সহযোগিতা/পরামর্শ প্রদান করবেন।

ক) মাঠ পর্যায়ের অফিসের GPMS প্রণয়নে;

খ) মাঠ পর্যায়ের অফিসের GPMS পরিবীক্ষণ ও মূল্যায়নে;

গ) মাঠ পর্যায়ের অফিসের GPMS- এর মানোন্নয়নে;

ঘ) মাঠ পর্যায়ের অফিসের GPMS সংশ্লিষ্ট অন্যানা বিষয়ে।

**আপাতত অত্র দপ্তরে জিপিএমএস পরামর্শ টিম গঠন করা হয়নি। যথাসময়ে এ সংক্রান্ত পুল নির্দেশিকা মোতাবেক গঠন করা হবে।**

৩. GPMS-এর মূল কাঠামো

- সেকশন ১
- (ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা)

- **৪.১ ভিশন:** ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।
- **৪.২ মিশন:** সকল শ্রেণীর কৃষকদের টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করণের লক্ষ্যে দক্ষ, ফলপ্রসূ, বিকেন্দ্রীকৃত, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্প্রসারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণির কৃষকের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।
- **৪.৩ ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা:**
- উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী এর ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনার ছক

| ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা (বরাদ্দ অনুসারে) | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী ও ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন<br>২। বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন<br>৩। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১০০% বাস্তবায়ন<br>৪। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ<br>৫। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন<br>৬। নির্ধারিত সময়ের মধ্যে পেনশনভোগী আবেদনকারীগণের আবেদনপত্র ১০০% নিষ্পত্তিকরণ<br>৭। জনবল ব্যবহারে সমতা আনয়ন ৫০% বৃদ্ধি | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী ও ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন<br>২। বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন<br>৩। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১০০% বাস্তবায়ন<br>৪। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ<br>৫। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন<br>৬। নির্ধারিত সময়ের মধ্যে পেনশনভোগী আবেদনকারীগণের আবেদনপত্র ১০০% নিষ্পত্তিকরণ<br>৭। জনবল ব্যবহারে সমতা আনয়ন ৫৫% বৃদ্ধি | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী ও ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন<br>২। বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন<br>৩। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১০০% বাস্তবায়ন<br>৪। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ<br>৫। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন<br>৬। নির্ধারিত সময়ের মধ্যে পেনশনভোগী আবেদনকারীগণের আবেদনপত্র ১০০% নিষ্পত্তিকরণ<br>৭। জনবল ব্যবহারে সমতা আনয়ন ৬০% বৃদ্ধি |
| ২ | কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন এবং দপ্তর ব্যবস্থাপনায় মানোন্নয়নের জন্য তথ্য আদান-প্রদানে গতিশীলতা বৃদ্ধিকরণ | ১। রাজস্ব বাজেটের আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ১০০% কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণে মনোনয়ন।<br>২। বিভিন্ন প্রকল্পসমূহের বরাদ্দ অনুসারে প্রশিক্ষণ কার্যক্রম ১০০% পরিচালনা<br>৩। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ১০% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি<br>৫। উদ্ভাবন কার্যক্রম সম্প্রসারণ | ১। রাজস্ব বাজেটের আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ১০০% কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণে মনোনয়ন।<br>২। বিভিন্ন প্রকল্পসমূহের বরাদ্দ অনুসারে প্রশিক্ষণ কার্যক্রম ১০০% পরিচালনা<br>৩। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ২০% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি<br>৫। উদ্ভাবন কার্যক্রম সম্প্রসারণ | ১। রাজস্ব বাজেটের আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ১০০% কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণে মনোনয়ন।<br>২। বিভিন্ন প্রকল্পসমূহের বরাদ্দ অনুসারে প্রশিক্ষণ কার্যক্রম ১০০% পরিচালনা<br>৩। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ৩০% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি<br>৫। উদ্ভাবন কার্যক্রম সম্প্রসারণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হিসাবে অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন (OFAS) এর ব্যবহারকারী কৃষক সংখ্যা ৫% বৃদ্ধি | হিসাবে অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন (OFAS) এর ব্যবহারকারী কৃষক সংখ্যা ১০% বৃদ্ধি | হিসাবে অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন (OFAS) এর ব্যবহারকারী কৃষক সংখ্যা ১৫% বৃদ্ধি |
| ৩ | কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ১। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন<br>২। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন<br>৩। ফসলের ন্যায্যমূল্য ও কৃষি জমি সুরক্ষায় নিয়মিত তদারকির হার ১৫% বৃদ্ধি<br>৪। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি | ১। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন<br>২। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন<br>৩। ফসলের ন্যায্যমূল্য ও কৃষি জমি সুরক্ষায় নিয়মিত তদারকির হার ২০% বৃদ্ধি<br>৪। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি | ১। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন<br>২। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন<br>৩। ফসলের ন্যায্যমূল্য ও কৃষি জমি সুরক্ষায় নিয়মিত তদারকির হার ৩০% বৃদ্ধি<br>৪। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি |
| ৪ | উদ্যানতাত্ত্বিক ও মাঠ ফসলের মানসম্পন্ন বীজ সরবরাহ কার্যক্রম | ১। কৃষক পর্যায়ে উৎপাদিত ধান ও গম বীজ উৎপাদন ১০% বৃদ্ধি<br>২। কৃষক পর্যায়ে উৎপাদিত ডাল তেল ও মসলা বীজ উৎপাদন ১০% বৃদ্ধি<br>৩। উদ্যানতাত্ত্বিক ফসলের ( ফলজাতীয়) উৎপাদন ৬ % বৃদ্ধি | ১। কৃষক পর্যায়ে উৎপাদিত ধান ও গম বীজ উৎপাদন ১৫% বৃদ্ধি<br>২। কৃষক পর্যায়ে উৎপাদিত ডাল তেল ও মসলা বীজ উৎপাদন ১২% বৃদ্ধি<br>৩। উদ্যানতাত্ত্বিক ফসলের ( ফলজাতীয়) উৎপাদন ৮ % বৃদ্ধি | ১। কৃষক পর্যায়ে উৎপাদিত ধান ও গম বীজ উৎপাদন ২০% বৃদ্ধি<br>২। কৃষক পর্যায়ে উৎপাদিত ডাল তেল ও মসলা বীজ উৎপাদন ১৫% বৃদ্ধি<br>৩। উদ্যানতাত্ত্বিক ফসলের ( ফলজাতীয়) উৎপাদন ১০ % বৃদ্ধি |

28.06.26 28.06.2026

• সেকশন ২

(২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১] সেবা প্রদান | ১ | [১] স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | % | ৩ | ১০০% | ১০০% |
| | ১ | [২] আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | % | ৩ | ১০০% | ১০০% |
| | ১ | [৩] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | % | ৩ | ১০০% | ১০০% |
| | ১ | [৪] প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | % | ৩ | ১০০% | ১০০% |
| | ১ | [৫] প্রশিক্ষিত কৃষক | % | ৩ | ১০০% | ১০০% |
| | ১ | [৬] পেনশন আবেদন নিষ্পত্তিকরন | % | ৩ | ১০০% | ১০০% |
| | ২ | [১] কর্মকর্তা/কর্মচারী গণের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনে মনোনয়ন | % | ৩ | ১০০% | ১০০% |
| | ২ | [৪] অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | % | ৪ | ১০০% | ১০০% |
| | ২ | [৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | % | ২ | ১০০% | ১০০% |
| | ২ | [৪] তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | % | ৩ | ১০০% | ১০০% |
| [২] উদ্ভাবন ও সংস্কার কার্যক্রম | ২ | [৩] ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি | % | ৫ | ০ | ১০% |
| | ৩ | [৪] ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযুক্তি সম্প্রসারণ | % | ৫ | ১০০% | ১০০% |
| | ২ | [৫] অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন (OFAS) এর ব্যবহারকারী কৃষক সংখ্যা | সংখ্যা (জন) | ৪ | ২০০ | ২৫০ |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা | ২ | [২] বিভিন্ন প্রকল্পসমূহের বরাদ্দ অনুসারে প্রশিক্ষণ কার্যক্রম ১০০% পরিচালনা | % | ৪ | ১০০% | ১০০% |
| | ৩ | [৩] সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা | % | ৫ | ১০০% | ১০০% |
| | ১ | [৭] শূণ্য পদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | সংখ্যা | ৫ | ১২ | ১২ |
| [৪] উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম | ৩ | [১] উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | মে.টন | ৫ | ৫০০ | ৫২০ |
| | ৩ | [২] বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা | % | ৮ | - | ১০০% |
| | ৪ | [১] কৃষক পর্যায়ে মানসম্পন্ন ধান ও গম বীজ উৎপাদন | মে.টন | ৩ | ১০০ | ১১০ |
| | ৪ | [২] কৃষক পর্যায়ে মানসম্পন্ন ডাল তেল ও মসলা বীজ উৎপাদন | মে.টন | ৩ | ১১ | ২২ |
| | ৪ | [৩] কৃষক পর্যায়ে মানসম্পন্ন ফল উৎপাদন | মে.টন | ৩ | ৪২৫১ | ৪৫০০ |



28.06.26

28.06.2026

## সেকশন ৩
(উপপরিচালকের কার্যালয়ের কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন)

### সংযোজনীসমূহ

**সংযোজনী ১: শব্দসংক্ষেপ**

| Abbreviation | Full Name |
|---|---|
| MoA | Ministry of Agriculture |
| DAE | Department of Agricultural Extension |
| BARI | Bangladesh Agricultural Research Institute |
| BRRI | Bangladesh Rice Research Institute |
| BJRI | Bangladesh Jute Research Institute |
| BINA | Bangladesh Institute of Nuclear Agriculture |
| BSRI | Bangladesh Sugarcrop Research Institute |
| SRDI | Soil Resource Development Institute |
| CRI | Cotton Development Board (often referred to by CDB) |
| BADC | Bangladesh Agricultural Development Corporation |
| BARC | Bangladesh Agricultural Research Council |
| DAM | Department of Agricultural Marketing |
| BMDA | Barind Multipurpose Development Authority |
| DACA | Department of Agriculture Seed Certification Agency (SCA) |
| SCA | Seed Certification Agency |

**সংযোজনী ২: বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)**

28.06.26

28.06.2026

সংযোজনী ৩। কর্মসম্পাদনের প্রমাণক

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রসাশক |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | [১] স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ২ | [২] আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ৩ | [৩] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | উদ্বুদ্ধকরণ ভ্রমন সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ৪ | [৪] প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | প্রণোদনা কার্যক্রম অগ্রগতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ৫ | [৫] প্রশিক্ষিত কৃষক | কৃষক প্রশিক্ষণ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ৬ | [৬] পেনশন আবেদন নিষ্পত্তিকরণ | পেনশন আবেদন নিষ্পত্তিকরণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ৭ | [১] কর্মকর্তা/কর্মচারী গণের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনে মনোনয়ন | কর্মকর্তা/কর্মচারী গণের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনে মনোনয়ন সংক্রান্ত আদেশ, উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ৮ | [৪] অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | জিআরএস সিস্টেম থেকে প্রাপ্ত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ৯ | [৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সিটিজেন চার্টার, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ১০ | [৪] তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | তথ্য অধিকার বিষয়ক প্রতিবেদন উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ১১ | [৩] ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি | সিস্টেম সফটওয়ার থেকে ডাউনলোডকৃত ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত অনুমোদিত ত্রৈমাসিক প্রতিবেদন |
| ১২ | [৪] ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযক্তি সম্প্রসারণ | উর্ধ্বতন দপ্তরে প্রেরিত জাতভিত্তিক প্রতিবেদন ও নতুন জাত সম্প্রসারণ সংক্রান্ত প্রতিবেদন |
| ১৩ | [৫] অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন (OFAS) এর ব্যবহারকারী কৃষক সংখ্যা | অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন (OFAS) এর ব্যবহারকারী কৃষক সংখ্যা সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ১৪ | [৪] বিভিন্ন প্রকল্পসমূহের বরাদ্দ অনুসারে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | আয়োজিত প্রশিক্ষণ প্রতিবেদন, অফিস আদেশ, শিডিউল ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ১৫ | [৩] সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ১৬ | [৭] শূণ্য পদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | শূণ্য পদ সংক্রান্ত সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন |
| ১৭ | [১] উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন ত্রৈমাসিক মাসভিত্তিক প্রতিবেদনের সামারী শীট |
| ১৮ | [২] বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা | বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ত্রৈমাসিক মাসভিত্তিক প্রতিবেদনের সামারী শীট |
| ১৯ | [১] কৃষক পর্যায়ে মানসম্পন্ন ধান ও গম বীজ উৎপাদন | কৃষক পর্যায়ে মানসম্পন্ন ধান ও গম বীজ উৎপাদন সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ২০ | [২] কৃষক পর্যায়ে মানসম্পন্ন ডাল তেল ও মসলা বীজ উৎপাদন | কৃষক পর্যায়ে মানসম্পন্ন ডাল তেল ও মসলা বীজ উৎপাদন সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারী শীট |
| ২১ | [৩] কৃষক পর্যায়ে আধুনিক জাতের মানসম্পন্ন ফল উৎপাদন | কৃষক পর্যায়ে আধুনিক জাতের মানসম্পন্ন ফল উৎপাদন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন। |

28.06.26

সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ

| ক্রমিক | কার্যক্রম | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |

28.06.26

28.06.2026